



**কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প**  
**কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি**  
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**

**সম্ভাব্য ঘূর্ণিঝড় "ইয়াস" এর ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি**  
**আবহাওয়া বিষয়ক পরামর্শ (হালনাগাদ):**

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, বরিশাল, ভোলা, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, চাপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, বগুড়া, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, ও শরীয়তপুর জেলার জন্য প্রযোজ্য)

হালনাগাদের তারিখঃ ২৪/০৫/২০২১ (প্রকাশের তারিখ: ২২/০৫/২০২১)

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর- উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনিভূত হয়ে ঘূর্ণিঝড় "ইয়াস" এ পরিণত হয়েছে। পরবর্তীতে এই ঘূর্ণিঝড়টি ২৬ মে ২০২১ নাগাদ উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলে পৌছাতে পারে। উপরিলিখিত ৩০টি জেলায় ২৫-২৭ মে ২০২১ ঘূর্ণিঝড়ের কারণে ঝড়ো হাওয়াসহ হালকা থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, উপরোক্ত ৩০টি জেলার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে ঘূর্ণিঝড়ের ক্ষতির হাত থেকে দন্ডায়মান ফসলকে রক্ষার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ব সবজি ও ফল বিশেষ করে আম ও লিচু সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দন্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

(ড. মোঃ শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

মোবাইল: ০১৭১২১৮৪২৭৪

টেলিফোন: ০২-৫৫০২৮৪২২